পিএইচডি -মাস্টার্স ডিগ্রির কোনো মূল্য নেই: আফগান শিক্ষামন্ত্রী

চেম্বার ডেস্ক:: আফগানিস্তানে তালেবান ক্ষমতায় ফিরে আসার এক মাসেরও কম সময়ের মধ্যে গত মঙ্গলবার নতুন সরকার ঘোষণা করা হয়েছে। অন্তবর্তীকালের জন্য সরকার ঘোষণা করা হলেও দেশটির ভবিষ্যৎ নিয়ে শঙ্কিত বিশ্ব নেতারা।

তালেবান শিক্ষামন্ত্রী শেখ মৌলভী নূরুল্লাহ মুনিরের একটি ভিডিও বার্তা সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে। সেখানে উচ্চ শিক্ষার প্রাসঙ্গিকতা নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি।

ওই ভিডিও বার্তায় তালেবান শিক্ষামন্ত্রীকে বলতে শোনা গেছে, কোনো পিএইচডি ডিগ্রি, মাস্টার্স ডিগ্রির মূল্য নেই তাদের কাছে। তিনি বলছেন, আপনারা দেখছেন যে মোল্লা এবং তালেবানরা ক্ষমতায় আছে। তাদের কোনো পিএইচডি, এমএ বা এমনকি হাইস্কুলের ডিগ্রীও নেই। কিন্তু তারা এখন সবার থেকে বড়। ফলে পিএইচডি, মাস্টার্স ডিগ্রির কোন মূল্য তাদের কাছে নেই।

শেখ মৌলভী নূরুল্লাহ মুনিরের এমন মন্তব্য নেটমাধ্যমে ব্যাপক সমালোচিত হচ্ছে। একজন টুইটার ব্যবহারকারী লিখছেন, এই লোকটি কেন শিক্ষা নিয়ে কথা বলছেন। আরেকজন লিখেছেন, উচ্চশিক্ষার মূল্য নেই! তিনি বিষ্ময় প্রকাশ করেছেন। আরেকজন লিখেছেন, শিক্ষা সম্পর্কে এ ধরনের লজ্জাজনক চিন্তাভাবনার ব্যক্তিদের ক্ষমতায় থাকার অর্থ হলো; যুব ও শিশু সমাজকে ধংস করা।

তালেবানের নতুন ‘অন্তর্বর্তীকালীন সরকার’ এর নেতৃত্বে থাকবেন মোল্লা মোহাম্মদ হাসান আখুন্দ। এছাড়া তালেবানের নীতি-নির্ধারণী পরিষদের প্রধান মোহাম্মদ হাসান আখুন্দকে দেশটির ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী হিসেবে ঘোষণা দিয়েছে তালেবান।

এছাড়া যুক্তরাষ্ট্রের মোস্ট ওয়ান্টেড সন্ত্রাসীর তালিকায় থাকা আফগানিস্তানের চরমপন্থী গোষ্ঠী হাক্কানি নেটওয়ার্কের প্রধান সিরাজউদ্দিন হাক্কানিকে স্বরাষ্ট্রমন্ত্রী করে ৩৩ সদস্যের মন্ত্রিপরিষদ গঠন করেছে তালেবান। এই মন্ত্রিসভায় কোনও নারী

সদস্য নেই।

গত ১৫ আগস্ট কাবুল পতনের পর তালেবান শীর্ষ নেতা হাইবাতুল্লাহ আখুন্দজাদা প্রথমবারের মতো দেওয়া বিবৃতিতে বলেছেন, ‘ভবিষ্যতে, আফগানিস্তানে শাসনতান্ত্রিক সব বিষয় এবং জনজীবন ইসলামী শরিয়া আইন দ্বারা নিয়ন্ত্রিত হবে’। খবর এনডিটিভির

যদিও কট্টরপন্থী তালেবান পরিবর্তনের আশ্বাস দিয়ে বিশ্বব্যাপী স্বীকৃতি পাওয়ার চেষ্টা করছে। কিন্তু তাদের নেতাদের বক্তব্য ও নানা দাবি প্রতিনিয়তই প্রশ্নবিদ্ধ হচ্ছে।